

পরম করুণাময় অতি দয়ালু আল্লাহর নামে শুরু করছি। কুরআনুল কারীম কী?

কুরআনুল কারীম হল, আল্লাহর বাণী, যিনি মহাবিশ্বের রব এবং তাদের স্রষ্টা। তিনি এটিকে নবী ও রাসূলদের সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের ওপর নাযিল করেছেন। যাতে তিনি মানবজাতিকে তাদের সৃষ্টির উদ্দেশ্য সম্পর্কে অবগত করতে পারেন এবং তাদেরকে সেই পথ দেখাতে পারেন যাতে রয়েছে তাদের জন্য দুনিয়া ও আখেরাতে কল্যাণ ও সুখ। তাছাড়া মৃত্যুর পর অনন্ত দুঃখ-দুর্দশা থেকে তাদের মুক্ত করতে পারেন। আর অবতীর্ণ হওয়ার দিক দিয়ে এটি আল্লাহর কিতাবসমূহের সর্বশেষ আসমানী কিতাব, এটি পূর্ববর্তী কিতাবসমূহের সত্যায়নকারী এবং সেসব শরী'আতের রহিতকারী।

কুরআনুল কারীম হল একটি চিরন্তন নিদর্শন এবং মুজিয়া। এটি আল্লাহর রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের নবুওয়াতের প্রমাণ। আল্লাহ মানবজাতি এবং জীনদেরকে চ্যালেঞ্জ করেছিলেন এর মতো একটি নিয়ে আসতে; এমনকি শুধুমাত্র একটি সূরা আনতে, কিন্তু তারা তা করতে অক্ষম হয়েছিল।

১৪০০ বছরেরও বেশি আগে এটির নাযিল হওয়ার পর থেকে আজ পর্যন্ত এতে বিকৃতি এবং পরিবর্তনের কোন ছোঁয়া লাগেনি। আর এটি আরবি ভাষায় যেভাবে নাযিল হয়েছিল সেভাবেই সংরক্ষিত থাকবে। কারণ সর্বশক্তিমান আল্লাহ শেষ মুহূর্ত পর্যন্ত এটির সংরক্ষণ করার দায়িত্ব গ্রহণ করেছেন।

কুরআনুল কারীম হল ইসলামের মূল উৎস এবং সংবিধান যা মানব জীবনকে নিয়ন্ত্রণ করে এবং তাকে সব সময় ও স্থানে পরিচালনা করে। এটি এক স্রষ্টারই ইবাদত করার আহ্বান জানায়। একজন মানুষ তার রব, দীন, জগৎ সৃষ্টির সূচনা এবং মানুষ সৃষ্টির ধাপ ইত্যাদি জানতে যা প্রয়োজন তা স্পষ্ট করে। এ ছাড়াও এটি অতীত ও ভবিষ্যতের গাইবী বিষয়াবলী এবং পূর্ববর্তী নবীদের জীবনী, আল্লাহ তাদের কীভাবে সাহায্য করেছিলেন এবং তাদের দুশমনদের কীভাবে ধ্বংস করেছিলেন প্রভৃতি সম্পর্কে সংবাদ দেয়। এর মধ্যে রয়েছে ইবাদত ও লেনদেনের মূলভিত্তি, প্রশংসনীয় নৈতিকতার প্রতি আহ্বান, নিন্দনীয় চরিত্রের বিরুদ্ধে সতর্কবাণী এবং আখিরাতের গন্তব্য; হয়তবা জান্নাত যেটি মুমিনদের আবাসস্থল, নয়ত জাহান্নাম যেটি অত্যাচারীদের এবং কাফেরদের আবাসস্থল।

আর এই মহাগ্রন্থটির অত্যধিক গুরুত্বের কারণে, যেটি আল্লাহ আরবি ভাষায় নাযিল করেছেন এবং মানবজাতির কাছে তা পৌঁছানোর নির্দেশ দিয়েছেন, সম্মানিত পাঠকদেরকে আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, এটির বোঝার এবং মানুষের কাছে পৌঁছানোর সুবিধার্থে আপনাকে আপনার ভাষায় এর অর্থের অনুবাদ পেশ করছি। এ কাজে নিয়োজিত দলটি এর অর্থ বোঝার এবং অনুবাদ করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করেছে। এ কথা নিশ্চিতভাবে বলা যায় যে, অনুবাদ যতই নির্ভুল হোক না কেন, এটি এখনও মু'জেযাপূর্ণ আল-কুরআনের নির্দেশিত মহান অর্থের যথার্থ অধিকার আদায়ে ব্যর্থ হবে। যে ব্যক্তি আল-কুরআনের আরো বেশি রহস্য জানতে চায়, তার প্রতি আমাদের উপদেশ হলো আপনি আরবি ভাষা শিখুন, যে ভাষায় এটি নাযিল হয়েছিল।

আর শান্তি নাযিল হোক রাসূলগণের ওপর। আর সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি সমস্ত জগতের রব।

কুরআনুল কারীম বিশ্বকোষ

আপনার ভাষায় কুরআনুল কারীমের মর্মার্থ বোঝার জন্য মোবাইল ক্যামেরা দ্বারা QR Cod স্পর্শ করুন।

কুরআনুল কারীম বিশ্বকোষের ওয়েবসাইটে (www.quranenc.com) প্রতিটি আয়াতের অনুবাদ আরও উন্নতমানের ও বিকাশের জন্য প্রতি আয়াতের সামনে নির্ধারিত ঘরে আপনার পরামর্শ এবং নির্দেশনা আমরা আনন্দের সাথে গ্রহণ করব। আপনি যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান তবে আপনি আমাদের ইমেল করতে পারেন: info@quranenc.com

পরম করুণাময় অতি দয়ালু আল্লাহর নামে শুরু করছি।
কুরআনুল কারীম কী?